গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

## জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী ।

সভাপতি : জনাব সাকিউন নাহার বেগম, এন.ডি.সি, নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

সভার তারিখ : ২১ /০৩/২০২২ ইং ।

সময় : বেলা ৩.৩০ ঘটিকা।

স্থান : জাতীয় মহিলা সংস্থার সভা কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সংযুক্ত ।

২। সভাপতি উপস্থিত কলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার ২.২.৩ এ ''কর্মপরিকল্পনার ক্যালেন্ডার অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় উপস্থাপনের জন্য সংস্থার মূল্যায়ন কর্মকর্তা ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মাছুমা বেগমকে অনুরোধ জানান।

৩। সভাপতির অনুমতিক্রমে মূল্যায়ন কর্মকর্তা, ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার আলোচ্য সূচি অনুযায়ী কার্যক্রম সমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ ; | | |
| ১.১)উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে মূল্যায়ন কর্মকর্তা জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনায় প্রতিটি দপ্তর/সংস্থার ১টি উদ্ভাবনী ধারণা ১৬/০৩/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে জাতীয় মহিলা সংস্থার নিজস্ব কার্যক্রমের মধ্য হতে **''- সংস্থার প্রধান কার্যালয়ের নারী নির্যাতন প্রতিরোধ সেলের সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজিকরণ''** বিষয়টি কে উদ্ভাবনী সেবা হিসেবে বাছাই করা হয়।<br><br>উক্ত সেবাটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং তা বাস্তবায়নের বিষয়ে নথিতে বিস্তারিতভাবে উপস্থাপনের মাধ্যমে বাস্তবায়নের সুপারিশ করা হয় । | সিদ্ধান্ত : ধাপ ও কার্যক্রম সম্পর্কে একটি বিস্তারিত কর্মপরিকল্পনা নথিতে পেশ করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট শাখার শাখা প্রধান। |

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.২) সেবা সহজিকরণ | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় প্রতিটি দপ্তর/সংস্থাকে ১টি সেবা সহজিকরণ পূর্বক জন্য ২৫/০২/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে সংস্থার নিজস্ব কার্যক্রমের মধ্য হতে ‘‘সংস্থার জেলা ও উপজেলায় পরিচালিত ট্রেড (সেলাই ও এমব্রয়ডারী) এর প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা তাদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে প্রদান’’ বিষয়টি সেবা সহজিকরণ হিসেবে বাছাই করা হয়।<br><br>ইতোমধ্যে সেবাটি বাস্তবায়নের লক্ষ্যে নির্বাচিত ৩০টি জেলা ও ১০ টি উপজেলাকে নির্দেশনা পত্র প্রেরণ করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী জেলা ও উপজেলা হতে তথ্য সরবরাহ করত যথাশীঘ্র সম্ভব সেবা গ্রহীতাদের ভাতা তাদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে প্রদানের ব্যাবস্থা গ্রহণের জন্য হিসাব শাখাকে নির্দেশ প্রদান করা হয়। | সিদ্ধান্ত : যথশীঘ্র সেবা গ্রহীতাদের ভাতা তাদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে প্রদানের ব্যাবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : সেবা গ্রহীতাদের ভাতা তাদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে প্রদানের ব্যাবস্থা গ্রহণের জন্য গঠিত কমিটি। |
| ১.৩) সেবা ডিজিটাইজেশন | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় প্রতিটি দপ্তর/সংস্থাকে ১টি সেবা ডিজিটাইজেশন পূর্বক ৩০/১২/২০২১ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে সংস্থার নিজস্ব কার্যক্রমের মধ্য হতে- ‘‘সংস্থার প্রধান কার্যালয় ও জেলা ও উপজেলা শাখার কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের অনলাইন হাজিরা এবং ডাটাবেইজ তৈরী ’’ বিষয়টি সেবা ডিজিটাইজেশন হিসেবে বাছাই করা হয়।<br><br>উক্ত সেবাটির অধীন সংস্থার প্রধান কার্যালয়সহ ৫টি জেলা ও ৫টি উপজেলায় কর্মকর্তা কর্মচারী এবং সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণার্থীদের অনলাইন হাজিরাসসহ সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণার্থীদের ডাটাবেইজ তৈরীর লক্ষ্যে সফটওয়্যার তৈরীর জন্য দুটি কোম্পানিকে (Express Systems Ltd. House no-8/2, Road-01, Shamoly, Dhaka-1207. এবং Global Brand Privet Ltd.Salim Centre, 19/2 West Panthapath (3rd~7th Floor) Dhanmondi, Dhaka-1205. কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br><br>কার্যাদেশের শর্তানুযায়ী সফটওয়্যার প্রতিষ্ঠানটির সফ্টওয়্যার তৈরীর কাজ সম্পন্ন করেছেন। বর্তমানে সেবাটি Banladesh Computer Councile (BCC), Server এ hosting প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও ৫টি জেলা ও ৫ টি উপজেলায় ডিজিটাল হাজিরার লক্ষ্যে Time Attendance Devic স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>উক্ত সেবাটি দ্রুত বাস্তবায়নের জন্য সকলে একমত পোষণ করেন। | সিদ্ধান্ত : সেবাটি Banladesh Computer Councile (BCC), Server এ hosting এর জন্য দ্রুত ব্যাবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও ৫টি জেলা ও ৫ টি উপজেলায় ডিজিটাল হাজিরা বাস্তবায়নের লক্ষ্যে Time Attendance Devic দ্রুত স্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট শাখার শাখা প্রধান। |

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.৪) ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | কর্মপরিকল্পনায় আলোচ্য বিষয়ে ৩০/০৮/২০২১ তারিখের মধ্যে সভা আহবানের নির্দেশনা ছিল। নির্দেশনা অনুযায়ী নির্ধারিত তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিরণী সংস্থার ওয়েব সাইটের ইনোভেশন কর্ণারে প্রদান করা হয়েছে। | সিদ্ধান্ত : ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা মনিটরিং করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংস্থার কর্তৃপক্ষ। |
| ১.৫) ই-নথি ব্যবহার বৃদ্ধি | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ৮০% নোট নিষ্পত্তির বিধান রয়েছে। সংস্থার সকল শাখাকে তাদের সংশ্লিষ্ট দপ্তরের ফাইল, ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয় এবং তা ১০০% বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা দেয়া হয়। | সিদ্ধান্ত : সংস্থার সকল শাখাকে তাদের সংশ্লিষ্ট দপ্তরের ফাইল, ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট শাখার শাখা প্রধান। |
| ১.৬) ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোবাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ‘‘৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোবাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ’’ বিষয়ে ৪টি সভা/কর্মশালা আয়োজনের বিধান রয়েছে।<br><br>ইতোমধ্যে গত ২০/০১/২০২২ তারিখ আলোচ্য বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। অনতিবিলম্বে আরও ১টি কর্মশালার আয়োজন করা হবে। বাকী ২টি সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করে বিষয়টি ১০০ ভাগ অর্জনের চেষ্টা করা হচ্ছে। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | সিদ্ধান্ত : কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সভা/কর্মশালা আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে : চিফ ইনোভেশন অফিসার। |
| ২। প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি: | | |
| ২.১) তথ্য বাতায়ন হালনাগাদ করণ | জাতীয় মহিলা সংস্থার তথ্য বাতায়ন অর্থাৎ ওয়েবসাইট (jms.gov.bd) এ ৩ মাস অন্তর হালনাগাদ করার বিধান রয়েছে। এ বিষয়ে সংস্থার সকল তথ্য হালনাগাদ করার লক্ষ্যে সংস্থার প্রতিটি শাখার হালনাগাদ তথ্য কম্পিউটার প্রশিক্ষক (জেভিমকপ্রপ্র, ৬৪ জেলা), সংযুক্ত জাতীয় মহিলা সংস্থাকে প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হয়। | সিদ্ধান্ত : সংস্থার সকল শাখার শাখা প্রধানকে তাদের সংশ্লিষ্ট শাখার হালনাগাদ তথ্য কম্পিউটার প্রশিক্ষক (জেভিমকপ্রপ্র, ৬৪ জেলা), সংযুক্ত জাতীয় মহিলা সংস্থাকে প্রদান করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংস্থার সকল শাখার শাখা প্রধানগণ। |

| ২.২) ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ; | | |
|---|---|---|
| ২.২.১) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে বছরে ৪টি প্রশিক্ষণের আয়োজন করার বিধান রয়েছে।<br><br>গত ১০/০৩/২০২২ তারিখ 'সেবা সহজিকরণের আওতায়' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলায় প্রেরিত MS Excel ফরম যথাযথ ভাবে পূরণের লক্ষ্যে একটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও জাতীয় মহিলা সংস্থার কর্মপরিকল্পনা অনুযায়ী গ্রহীত উদ্যোগের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে অবশিষ্ট ৩টি প্রশিক্ষণের আয়োজন করা হবে। এ বিষয়ে সভাপতি মহোদয় দ্রুত প্রশিক্ষণ আয়োজনের পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত : কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে : চিফ ইনোভেশন অফিসার। |
| ২.২.২) ই-গভন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নে জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে জন্য জাতীয় মহিলা সংস্থার আলাদা কোন বাজেট বরাদ্দ নেই। তবে ২০২১-২২ অর্থ বছরে সংশোধিত বাজেটে ১০.০০ (দশ লক্ষ) টাকা বরাদ্দ চাওয়া হয়েছে। উক্ত বরাদ্দ অনুমোদন হলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব হবে। এছাড়াও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখার পরামর্শ অনুয়ায়ী ইনোভেশন এর বিভিন্ন প্রশিক্ষণ এবং কর্মশালা আয়োজনের অর্থ সংস্থার প্রশিক্ষণ খাত হতে ব্যায় করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় বিধি মোতাবেক অর্থ ব্যয় করার পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত : বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যায় করতে হবে।<br><br>বাস্তবায়নে : চিফ ইনোভেশন অফিসার। |
| ২.২.৩) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বছরে ৪ টি সভা আয়োজনের বিধান রয়েছে। ইতোমধ্যে ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট ১টি সভা যথাসময়ে অনুষ্ঠানের আয়োজন করা হবে।<br><br>সভাগুলো যথা সময়ে অনুষ্ঠানের জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত : কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সভা আহবান করতে হবে।<br><br>বাস্তবায়নে : ইনোভেশন চিফ অফিসার। |
| ২.২.৪) কর্মপরিকল্পনা অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/উদ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের বিধান রয়েছে।<br><br>ইতোমধ্যে সংস্থার ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন পূর্বক অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১১/০১/২০২২ তারিখ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল প্রতিবেদন উর্ধতন কর্তৃপক্ষের নিকট যথাসময়ে প্রেরণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | সিদ্ধান্ত : কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন করে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।<br><br>বাস্তবায়নে : চিফ ইনোভেশন অফিসার। |

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.২.৫) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত ; | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ৩০/০৫/২০২২ অথবা ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের বিধান রয়েছে।<br><br>এ বিষয়ে কর্তৃপক্ষের নিকট নথি উপস্থাপন করা হয়েছে। যথাশীঘ্র সম্ভব উল্লিখিত তারিখের মধ্যে দেশে/বিদেশে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | সিদ্ধান্ত : দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের ব্যাবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : চিফ ইনোভেশন অফিসার। |

৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮।৪।২০২২

(সাকিউন নাহার বেগম, এন.ডি.সি)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় মহিলা সংস্থা।
ফোন -০২-২২২২২২৩৪১

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯(অংশ-১) তারিখ :-

বিতরণ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপরিচালক, (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
২। উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
৩। সহকারী পরিচালক, (হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
৪। সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় মহিলা সংস্থা।
৫। সহকারী পরিচালক, (প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।
৬। সহকারী পরিচালক, (প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
৭। মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৮। প্রশিক্ষক (কম্পিউটার) জে.ভি.ম.ক.প্র.প্র (৬৪ জেলা), সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।
(সংস্থার ওয়েব সাইটে ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধ জানানো হলো )

অনুলিপি (সদয় অবগতির জন্য):
১। পিএ টু চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
২। অফিস কপি।

১৩।৪।২২

(তাহসিনা বেগম)
উপপরিচালক (উপসচিব)
জাতীয় মহিলা সংস্থা।
ফোন -৯৩৫১৬৫৮

শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত অদ্য ২১/০৩/২০২২ তারিখ অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

| ক্রঃনং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১. | তাহমিনা বেগম | [signature] |
| ২. | ড. কে. এম. ইয়াহিয়া [illegible] সহকারী [illegible] | [signature] 21/03/22 |
| ৩. | লায়লা আরজুমান বানু সহকারী পরিচালক (প্রকল্প) | লায়লা 21/03/2022 |
| ৪. | শ্রী বিনয় কুমার রায় প্রশিক্ষক (কম্পিউটার), সংযুক্ত প্রকল্প | [signature] 21.03.2022 |
| ৫. | মোঃ মোজাম্মেল হক প্রশাসনিক কর্মকর্তা | [signature] 21/03/22 |
| ৬. | মো: মনিরুজ্জামান [illegible] প্রকল্প | [signature] 21/03/22 |
| ৭. | মো: হুমায়ুন কবীর হিসাব রক্ষক | [signature] 21/03/2022 |
| ৮. | তানিয়া সুলতানা, [illegible] আইন কর্মকর্তা | [signature] 21/03/22 |
| ৯. | আনন্দ [illegible] জেলা কর্মকর্তা | [signature] 21/03/22 |
| ১০. | মাহমুদা বেগম, মূল্যায়ন কর্মকর্তা [illegible] | [signature] 21/03/22 |
| ১১. | | |
| ১২. | | |